



৩ জুলাই, ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

গ্রেফতারকৃত ব্যক্তিদের হাতকড়া পড়ানোর অপব্যবহারের বিষয়ে সতর্কতা প্রদান করে মহামান্য  
হাইকোর্টের নির্দেশনা

আজ ০৩ জুলাই, ২০১৮ ইং তারিখ মহামান্য হাইকোর্ট বিভাগ গ্রেফতারকৃত ব্যক্তিদের হাতকড়া পড়ানোর অপব্যবহার করা যাবে না বলে সংশ্লিষ্ট বিবাদীদের প্রতি সতর্কতা প্রদান করে নির্দেশনা দিয়েছেন। মহামান্য হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি সালমা মাসুদ চৌধুরী এবং বিচারপতি এ,কে,এম, জহিরুল হকের সমন্বয়ে গঠিত ডিভিশন বেঞ্চে (সুয়োমোটো নং-১১/২০১৭) এই রায় দেন।

উল্লেখ্য যে, গত ২৯ মে, ২০১৭ ইং “দৈনিক ডেইলী স্টার” পত্রিকায় প্রকাশিত সংবাদ “**Handcuffed to hospital bed**” প্রকাশের প্রেক্ষিতে ঘটনাটি ব্লাস্টের আইনজীবী আদালতের নজরে আনালে, মহামান্য হাইকোর্ট স্বপ্রোনোদিত হয়ে রুল জারি করেন। রুলে বিজ্ঞ আদালত আহত শিক্ষার্থী নাজমুল হোসেনকে এনাম মেডিকেল কলেজ হাসপাতাল এ চিকিৎসাধীন থাকাবস্থায় হাসপাতালের বিছানার সাথে হাতকড়া পড়িয়ে আটকে রাখার ঘটনাটিকে বেঙ্গল পুলিশ রেগুলেশন এর রুল নং ৩৩০(এ) লঙ্ঘনের দায়ে সংশ্লিষ্ট ব্যক্তিদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা গ্রহণ করা হবে না এই মর্মে ১, ২, ৩, ৪ ও ৫ নং বিবাদী যথাক্রমে সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, আইজিপি, এস পি, অফিসার ইন চার্জ (আশুলিয়া) এবং ডি আই জি, ঢাকা রেঞ্জ, ঢাকা এর প্রতি কারন দর্শানোর নির্দেশনা প্রদান করেন। রুলের শুনানী চলাকালীন সময় পর্যন্ত আহত শিক্ষার্থী নাজমুল হোসেনকে হাতকড়া না পড়ানোর জন্যও সংশ্লিষ্ট বিবাদীর প্রতি নির্দেশনা প্রদান করেন। অফিসার-ইন-চার্জ, আশুলিয়া, ঢাকা-কে ৩১ মে, ২০১৭ ইং সকাল ১০:৩০ ঘটিকায় স্ব-শরীরে আদালতে উপস্থিত হয়ে সংশ্লিষ্ট বিষয়টি বিস্তারিত বর্ণনা করার জন্য নির্দেশনা প্রদান করেন।

আজ শুনানী শেষে উক্ত মামলার বিবাদী যথাক্রমে সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়; আইজিপি এবং অফিসার ইন চার্জ (আশুলিয়া) এর প্রতি গ্রেফতারকৃত ব্যক্তিদের হাতকড়া পড়ানোর অপব্যবহারের প্রতি সতর্কতামূলক নির্দেশনা প্রদান করেন। ব্লাস্টের পক্ষে মামলাটি পরিচালনা করেন আইনজীবী আবু ওবায়দুর রহমান।

**প্রেক্ষাপট:** গত ২৬ মে, ২০১৭ ইং জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের দুইজন শিক্ষার্থী সড়ক দুর্ঘটনায় নিহত হবার প্রেক্ষিতে উক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ঢাকা-আরিচা রোড বন্ধ করে প্রতিবাদ করে। উক্ত ঘটনায় আটককৃত একজন শিক্ষার্থী নাজমুল হোসেনকে এনাম মেডিকেল কলেজ হাসপাতাল, সাভার এ চিকিৎসাধীন থাকাবস্থায় হাসপাতালের বিছানার সাথে হাতকড়া পড়িয়ে আটকে রাখা হয়। এমনকি নাজমুল তার খাবার সময় হাতকড়া খুলে রাখার অনুরোধ জানালেও পুলিশ তার অনুরোধ শুনে নি।

**বার্তা প্রেরক:**

মাহবুবা আক্তার

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

ইমেইল- mahbuba@blast.org.bd

**প্রয়োজনে যোগাযোগ করুন:**

- এডভোকেট আবু ওবায়দুর রহমান, এডভোকেট, সুপ্রীম কোর্ট, বাংলাদেশ [ফোন: ০১৯১৪১২৯৮৫৬, ইমেইল [obaid.rahman67@gmail.com](mailto:obaid.rahman67@gmail.com)]